



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

৬ আগস্ট ২০১৭ খ্রি.

বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) এর অর্থায়নে ১৬৫ কোটি টাকা ব্যয়ে ৪ টি বাণিজ্যিক প্রকল্প বাস্তবায়ন করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন

বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) এর অর্থায়নে ১৬৫ কোটি টাকা ব্যয়ে ৪ টি বাণিজ্যিক প্রকল্প বাস্তবায়ন করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। আয় বর্ধক এ সকল প্রকল্পের বিষয়ে এক সভা ৬ আগস্ট ২০১৭ খ্রি. রবিবার, দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন উপস্থিত ছিলেন। যে চারটি প্রকল্প কর্পোরেশন বাস্তবায়নের উদ্যোগ নিয়েছে সেগুলো হলো ১৭ গন্ডা জায়গার ওপর বকশিরহাটে ২৫ কোটি টাকা ব্যয়ে কিচেন মার্কেট কাম ৬ তলা বিশিষ্ট বাণিজ্যিক ভবন নির্মাণ, ৩৩ গন্ডা জায়গার ওপর ৩২ কোটি টাকা ব্যয়ে ফিরিসীবাজারে ১০ তলা বিশিষ্ট বাণিজ্যিক ভবন নির্মাণ, ৩০ গন্ডা জায়গার ওপর ৬৩ কোটি টাকা ব্যয়ে দক্ষিণ আগ্রাবাদে ১০ তলা বিশিষ্ট বহুতলা ভবন নির্মাণ, ৩২ গন্ডা জায়গার ওপর ৪৫ কোটি টাকা ব্যয়ে ফইল্যাভলী বাজারে কিচেন মার্কেট কাম ১০ তলা ভবন নির্মাণ। প্রাথমিকভাবে কর্পোরেশন এ ৪ টি প্রকল্প বাস্তবায়নে ১৬৫ কোটি টাকা ব্যয় নির্ধারণ করেছে। এর মধ্যে ১৫০ কোটি টাকা দিবে বিএমডিএফ বাকী ১৫ কোটি টাকা কর্পোরেশনের নিজস্ব তহবিল থেকে ব্যয় করা হবে। এ প্রকল্পের মধ্যে ৮০% বা ১৩০ কোটি টাকা অনুদান হিসেবে পাওয়া যাবে। অবশিষ্ট ২০ কোটি টাকা ৫% সুদে বিএমডিএফ ঋণ হিসেবে মঞ্জুর করেছে। ঋণের এ ২০ কোটি টাকা ১০ বছরে পরিশোধ করতে হবে কর্পোরেশনকে। প্রকল্পগুলোর স্থাপত্য নকশাসহ এ সংক্রান্ত যাবতীয় কাজে পরামর্শক প্রতিষ্ঠান

হিসেবে প্রণয়ন, ফিয়েলকা, সিলভার ব্রিকস, গ্রে-স্কেলকে নিয়োগ দেয়া হয়েছে। অনুষ্ঠানে মাননীয় মেয়রের কাছে ৪ প্রতিষ্ঠানের স্বপতি ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ পাওয়ার পয়েন্টের মাধ্যমে প্রকল্প ৪টি খসড়া নকশা ও বিভিন্ন দিক তুলে ধরেন। সভায় মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন বিএমডিএফ এর পাশাপাশি জাইকার উন্নয়ন কাজের বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের বিষয়গুলো উল্লেখ করে বলেন, আগ্রাবাদ এক্সেস রোড ও পোর্ট কানেকটিং রোডে সংস্কার ও উন্নয়নে জাইকা অর্থায়ন করছে। মেয়র বলেন, এ ৪টি প্রকল্প বাস্তবায়িত হলে চট্টগ্রাম সিটি কর্পোরেশন আর্থিকভাবে লাভবান হবে এবং নগবাসীর দৈনন্দিন কাজকর্ম আরো গতিশীল হবে। মাননীয় মেয়র প্রস্তাবিত প্রকল্প চূড়ান্ত করার আগে প্রকল্পের কিছু জায়গা ভবিষ্যতের জন্য খালি রাখা এবং নগরীর জলবদ্ধতা সমস্যা স্থায়ী সমাধান না হওয়া পর্যন্ত এ সমস্ত প্রকল্পগুলোর মধ্যে দক্ষিণ আগ্রাবাদে বহুতল ভবন প্রকল্পে পে-পার্কিং রাখার পরামর্শ দেন। এতে কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, এইচ এম সোহেল, মোরশেদ আকতার চৌধুরী, গিয়াস উদ্দিন, জহর লাল হাজারী, চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমদ, গৃহিত ৪ টি প্রকল্পের প্রজেক্ট ডিরেক্টর (পিডি) তত্ত্বাবধায়ক প্রকৌশলী রফিকুল ইসলাম, আবু সালেহ, প্রধান নগর পরিকল্পনাবিদ এ কে এম রেজাউল করিম, বিএমডিএফ এর প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট (পিএমইউ) স্বপতি মুন্তাসির মাহমুদ, হিসাব রক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম ও সহকারী এস্টেট অফিসার এখলাসুর রহমান সহ সংশ্লিষ্ট প্রকৌশলী ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা